

ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

স্মারকঃ ২৮.২৫.০০০০.২৪০.৪০.০০১.২৩/০০৩

তারিখঃ ২০ জুন ২০২৩
০৬ আষাঢ় ১৪৩০

ইনোভেশন টিমের সমন্বয় সভার কার্যবিবরণী

বিগত ১৯/০৬/২০২৩ তারিখ, রোজ সোমবার, বিকাল ০২:৩০ ঘটিকায় ইনোভেশন টিমের সমন্বয় সভা ইনোভেশন অফিসার, জনাব মো. মোস্তাফিজার রহমান, ডিজিএম (পি এন্ড এস)-এর সভাপতিত্বে মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয় (সভার উপস্থিতিঃ সংলাগ-১)।

২.০ আলোচনাঃ

শুরুতে সভাপতি মহোদয় কমিটির উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানানোর পর সভাসদগণকে অবহিত করেন যে, ২০২২-২৩ অর্থবছরে এটুআই প্রোগাম কর্তৃক অনুষ্ঠিতব্য সেবা সহজিকরণ বিষয়ক ০৩ (তিন) দিনের কর্মশালায় অংশগ্রহণের নিমিত্ত ইআরএল হতে ২ (দুই) জন কর্মকর্তাকে প্রতিনিধি হিসেবে প্রেরণ করা হয়েছে।

কমিটির সদস্য জনাব মো. কামরুজ্জামান অবহিত করেন যে, চলতি ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী গৃহীত উদ্ভাবনী কর্মপরিকল্পনাটি বাস্তবায়িত হয়েছে। পাম্প ইলেক্ট্রিক সংযোগ প্রদানপূর্বক বিগত ০৫ মার্চ তারিখ হতে কুলিং ওয়াটার রিসাইকেল প্রকল্পটি সফলতার সঙ্গে চলমান রয়েছে। সম্মানিত সদস্য কমিটিকে “সেকেভারি কনভার্সন প্ল্যান্ট (এসসিপি)-এর পাম্পের গ্ল্যান্ড কুলিং ওয়াটার রিসাইক্লিং প্রকল্প” বিষয়ক যাবতীয় প্রমাণক পেশ করেন।

সদস্য সচিব অবহিত করেন যে, বিগত ০৫ মে তারিখে বিপিসি কর্তৃক আয়োজিত “৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ” প্রশিক্ষণ কোর্সে ইআরএল-এর ১ (এক) জন প্রতিনিধি অংশগ্রহণের মাধ্যমে চলতি ২০২২-২৩ অর্থবছরে ইআরএল-এর ট্রেনিং/কর্মশালা বিষয়ক যাবতীয় লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে।

সার্বিক বিষয়ে অবহিত হয়ে সভাপতি মহোদয় অতিসত্ত্বর যাবতীয় প্রমাণকসমূহ সংগ্রহ করার ব্যাপারে গুরুত্ব আরোপ করেন। এছাড়া সভায় আগামী ২০২৩-২৪ অর্থবছরে গৃহীতব্য উদ্ভাবনী উদ্যোগ, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটলাইজেশনের ব্যাপারে বিশদ আলোচনা করা হয়।

৩.০ সিদ্ধান্তঃ

সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- দ্রুততম সময়ের মধ্যে চলতি অর্থবছরের যাবতীয় প্রমাণক হালনাগাদ করতে হবে।
- ২০২২-২৩ অর্থবছর শেষে তৎপরতার সাথে স্বনির্ধারিত মূল্যায়ন প্রতিবেদন দাখিল করতে হবে।
- ডি-নথিতে ফাইলের ব্যবহার অবশ্যই ৮০% এর চেয়ে বাড়ানোর ব্যাপারে উদ্যোগ নিতে হবে।
- পরবর্তী সমন্বয় সভায় ২০২৩-২৪ অর্থবছরের জন্য উদ্ভাবনী উদ্যোগ, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটলাইজেশনের উদ্যোগ নির্বাচন করতে হবে।

অতঃপর সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ মোস্তাফিজার রহমান)

ডিজিএম (পি এন্ড এস)

ও

ইনোভেশন অফিসার, ইআরএল

বিতরণঃ

- জনাব মমশাদ করিম আনোয়ার, ডিজিএম (ডেভলপমেন্ট) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মোঃ শামিউল ইসলাম, এজিএম (কিউসি) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মোঃ কামরুজ্জামান, ম্যানেজার (টেকনিক্যাল সার্ভিসেস) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মোঃ সাইফুর রহমান, ম্যানেজার (পার্সোন্যাল) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব সোহরাব হোসেন, ম্যানেজার (প্ল্যানিং) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মোঃ বায়েজিদ ইসলাম, এএম (সিডিপি) ও সদস্য, ইনোভেশন টিম